রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মংগলবার, সেপ্টেম্বর ১৪, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

(জনস্বাস্থ্য-২ শাখা)

## প্রজ্ঞাপন

তারিখ, ২৯শে ভাদ্র, ১৪০০/১৩ই সেপ্টেম্বর, ১৯৯৩

এস, আর, ও নং-১৮৪-আইন/৯৩—Breast Milk substitutes (Regulation of Marketing) Ordinance, 1984 (XXXIII) of 1984 এর section 11 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনামা :—এই বিধিমালা মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য (বিপনন নিয়ন্ত্রণ) বিধিমালা, ১৯৯৩ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা :—বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "অধ্যাদেশ" অর্থ Breast Milk Substitutes (Regulation of Marketing) Ord inance, 1904 (XXXIII of 1984);

(খ) "আই, পি, জি, এম, এণ্ড আর" অর্থ Institute of Post G₁aduate Medicine and Research;

(গ) "উপদেষ্টা কমিটি" অর্থ বিধি ৩ এর অধীন গঠিত উপদেষ্টা কমিটি,

(ঘ) "কমিটি" অর্থ উপদেষ্টা কমিটি;

(ঙ) "ধারা" অর্থ অধ্যাদেশের কোন section;

(চ) "ফরম" অর্থ বিধিমালার সহিত সংযোজিত ফরম;



মূল্য: টাকা ৩'০০

(ছ) ''বিপনন'' অর্থ উৎপাদিত সামগ্রী সংরক্ষণ, গুদামজাতকরণ, প্রদর্শন, বিতরণ, বিজ্ঞাপন দেওয়া, বিক্রয় করা, বিপনন সংগঠন ও উন্নয়ন এবং তজ্জনা জনসংযোগ ও তথ্য আদান প্রদান;

(জ) "ব্যক্তি" অর্থ যে কোন ব্যক্তি, কোম্পানী, সংস্থা, সংঘ অথবা ব্যবসা প্রতিষ্ঠান;

(ঝ) ''সদস্য সচিব'' অর্থ বিধি ৩ এ উল্লিখিত সদস্য সচিব;

(ঞ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার;

৩। উপদেষ্টা কমিটি :—ধারা ৬(২) এর বিধি ৪এ উল্লেখিত কার্যাবলী সম্পাদনের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি উপদেষ্টা কমিটি থাকিবে, যথা :—

(১) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা বিভাগের অতিরিক্ত সচিব, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(২) মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর;

(৩) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন যুগ্ম-সচিব।

(৪) ধাত্রীবিদ্যা ও স্ত্রীরোগ চিকিৎসা, আই, পি, জি এম এণ্ড আর এর অধ্যাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে);

(৫) প্যাডিয়াট্রিক নিউট্রিশন এণ্ড গ্যাসট্রো এনট্রোলজী, শিশু মাতৃ স্বাস্থ্য ইনষ্টিটিউট এর অধ্যাপক;

(৬) শিশু বিভাগ আই পি, জি, এম এণ্ড আর এর অধ্যাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে);

(৭) শিশু চিকিৎসক সমিতি আই, পি, জি, এম এণ্ড আর এর সভাপতি;

(৮) ধাত্রীবিদ্যা ও স্ত্রীরোগ চিকিৎসা, ঢাকা মেডিকেল কলেজ এর অধ্যাপক (জ্যেষ্ঠতার ভিত্তিতে);

(৯) পরিচালক, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনষ্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়;

(১০) পরিচালক, ঔষধ প্রশাসন পরিদপ্তর;

(১১) পরিচালক, জনস্বাস্থ্য প্রতিষ্ঠান;

(১২) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের বা বিভাগের একজন উপ-সচিব;

(১৩) বাণিজ্য মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন উপ-সচিব;

(১৪) তথ্য মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন উপ-সচিব;

(১৫) সমাজ কল্যাণ মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয় বা বিভাগের একজন উপ-সচিব;

(১৬) মহিলা বিষয়ক মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক মনোনীত মন্ত্রণালয় বা বিভাগের একজন উপ-সচিব;

(১৭) সচিব, বাংলাদেশ জাতীয় পুষ্টি পরিষদ;

(১৮) বাংলাদেশ মেডিকেল এসোসিয়েশন কর্তৃক মনোনীত উহার একজন প্রতিনিধি;

(১৯) সাধারণ সম্পাদক, কনজিউমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ;

(২০) পরিচালক, বাংলাদেশ ইনষ্টিটিউট অব রিসার্চ ফর প্রোমোশন অব এসেনশিয়াল এণ্ড রিপ্রোডাকটিভ হেলথ্ এণ্ড টেকনোলজী;

(২১) পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান, যিনি উহার সদস্য সচিবও হইবেন।

৪। উপদেষ্টা কমিটির দায়িত্ব ও কর্তব্য:—(১) উপদেষ্টা কমিটি নিম্নবর্ণিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করিবে যথা:—

(ক) মাতৃদুগ্ধ পান না করানোর জন্য সৃষ্ট সম্ভাব্য ক্ষতিকর প্রতিক্রিয়া;

(খ) মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য, পরিপূরক খাদ্য আমদানী, উৎপাদন, সরবরাহ, ব্যবহার ও নিয়ন্ত্রণ;

(গ) মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য, পরিপূরক খাদ্যের কুফল সম্পর্কে জনসাধারণকে সচেতন করার জন্য প্রয়োজনীয় শিক্ষা ও প্রচারমূলক কার্যক্রম;

(ঘ) বিভিন্ন প্রচার মাধ্যমে আইনের ধারা ৩ এর পরিপন্থী কার্যক্রমের মনিটরিং।

(২) উপ-বিধি (১) এর অধীন দায়িত্ব পালন ছাড়াও কমিটি সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন করিবে।

৫। কমিটির সভা, ইত্যাদি:—(১) কমিটি প্রতি ছয় মাসে কমপক্ষে একবার সভায় মিলিত হইবে এবং সভার তারিখ, সময়, স্থান ও কার্যপদ্ধতি, চেয়ারম্যান কর্তৃক স্থিরীকৃত হইবে।

(২) সদস্য-সচিব কর্তৃক কমিটির প্রতিটি সভা আহুত হইবে।

(৩) চেয়ারম্যান কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং তাহার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণের মধ্য হতে তাহাদের মনোনীত কমিটির অন্য কোন সদস্য সভাপতিত্ব করিবেন।

(৪) সভার কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অর্ধেক সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে।

(৫) কোরাম পূর্ণ না হওয়ার কারণে কোন সভা অনুষ্ঠান সম্ভব না হইলে পরবর্তী দশ দিনের মধ্যে সভা পুনরায় আহ্বান করিতে হইবে।

(৬) উপ-বিধি (৭) এর বিধান সাপেক্ষে, কোন সভা অনুষ্ঠানের অন্যুন সাত দিন পূর্বে সদস্য-সচিব সকল সদস্যকে লিখিত নোটিশ দ্বারা সভার তারিখ, সময় ও স্থান সম্পর্কে অবহিত করিবেন।

(৭) কোন জরুরী অবস্থার ক্ষেত্রে চেয়ারম্যানের নির্দেশক্রমে চব্বিশ ঘন্টার লিখিত নোটিশ দ্বারা সভা আহ্বান করা যাইবে।

(৮) সদস্য-সচিব সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করিবেন এবং উহাতে চেয়ারম্যানের স্বাক্ষর গ্রহণ করিবেন।

৬। মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য রেজিষ্ট্রীকরণ, ইত্যাদি:—(১) মাতৃদুগ্ধ বিকল্প খাদ্যদ্রব্য রেজিষ্ট্রীকরণের জন্য ফরম-ক এ সদস্য-সচিবের বরাবরে আবেদন দাখিল করিতে হইবে।

(২) আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত document দাখিল করিতে হইবে, যথা :—

(ক) সংশ্লিষ্ট খাদ্য দ্রব্য যে দেশে প্রস্তুত করা হইয়াছে উহার অবাধ বিক্রয় সম্পর্কীত সেই দেশের সনদপত্র ;

(খ) উক্ত খাদ্যদ্রব্যের তেজস্ক্রিয়তা মুক্ত হওয়া সম্পর্কে প্রস্তুতকারী দেশের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নিরাপত্তা সনদপত্র ;

(গ) উক্ত খাদ্যদ্রব্য প্রস্তুতকারী কারখানায় বিশ্ব স্বাস্থ্য সংস্থা বা ক্ষেত্রমত জাতিসংঘ খাদ্য ও কৃষি সংস্থা কর্তৃক অনুমোদিত কমিশন এবং কুডস্ এর নিয়মাবলী অনুসরণ করা হইয়াছে মর্মে ইস্যুকৃত সনদপত্র ;

(ঘ) উক্ত খাদ্যদ্রব্যে তেজস্ক্রিয়তা মুক্ত হওয়া সম্পর্কে বাংলাদেশ আনবিক শক্তি কমিশনকর্তৃক ইস্যুকৃত নিরাপত্তা সনদপত্র ;

(ঙ) বাংলাদেশ ষ্টাণ্ডার্ডস্ এণ্ড টেষ্টিং ইনষ্টিটিউট কর্তৃক অনুমোদিত সনদপত্র ;

(চ) জমাকৃত চালানের মূল কপি।

(৩) উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র অফেরতযোগ্য দরখাস্তের ফিস বাবদ দুই (২) হাজার টাকা "১৩৮-স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বা ৮-স্পেশালাইজড্ হাসপাতাল এবং ইনষ্টিটিউট বা ৮(৯) জনস্বাস্থ্য ইনষ্টিটিউট" এর যে কোন একটি খাতে বাংলাদেশ ব্যাংক বা ট্রেজারীতে জমা করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন জমা গ্রহণকারী ব্যাংক বা ট্রেজারী জমার একটি রশিদ জমাদানকারী ব্যক্তিকে দিবে।

(৫) রেজিষ্ট্রেশনের জন্য দাখিলকৃত আবেদনপত্র এবং কাগজাদি পরীক্ষা করিয়া সদস্য-সচিব যদি এই মর্মে সন্তুষ্ট হয় যে বিষয়টি রেজিষ্ট্রেশনযোগ্য তাহা হইলে সদস্য-সচিব প্রতিটি ব্রাণ্ডের জন্য অফেরতযোগ্য রেজিষ্ট্রেশন ফিস বাবদ বিশ (২০) হাজার টাকা প্রাপ্ত হইয়া ফরম-খ এর উপরে সীল ও স্বাক্ষরযুক্ত একটি রেজিষ্ট্রেশন সার্টিফিকেট ইস্যু করিবেন। রেজিষ্ট্রেশন ফিস বাবদ প্রদত্ত টাকা ও উপ-বিধি (৩) এ উল্লেখিত যে কোন একটি খাতে বাংলাদেশ ব্যাংক বা ট্রেজারীতে জমা করিতে হইবে।

(৬) অধ্যাদেশের section 4A এর অধীন রেজিষ্ট্রেশন ব্যতীত কোন মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য এই বিধিমালা জারী হইবার তারিখ হইতে ৬০ দিন অতিক্রান্ত হওয়ার পর আর বাজারজাত করা যাইবে না।

(৭) রেজিষ্ট্রেশনের মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে ৩০ দিন পূর্বে উপ-বিধি (৩) এ উল্লেখিত খাতে দশ (১০) হাজার টাকা নবায়ন ফি হিসাবে জমা দিয়া প্রতিটি ব্যক্তি বা সংস্থা উপ-বিধি (২) এর সকল শর্তাবলী পূরণ করিয়া সদস্য-সচিব বরাবরে রেজিষ্ট্রেশন নবায়নের জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবে।

(৮) আইনের ধারা লংঘন করা হইলে রেজিষ্ট্রেশন যে কোন সময় বাতিল করা যাইবে।

## ফরম-ক

(রেজিষ্ট্রেশনের জন্য আবেদনপত্র)

(বিধি-৬(১) দ্রষ্টব্য)

প্রতি,

পরিচালক, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান,

ও

সদস্য-সচিব, উপদেষ্টা কমিটি।

আমি/আমরা মেসার্স ____________________

ঠিকানা ____________________

আমাদের নিম্নবর্ণিত ব্রাণ্ডের মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য, পরিপূরক খাদ্য রেজিষ্ট্রেশনের জন্য আপনার সমীপে আবেদন করিতেছি এবং আবেদনপত্রের সহিত বিধি ৬(২) এর সকল document সংযোজন করিতেছি।

| পণ্যের নাম ও বিবরণ | মোড়কের সাইজ | নিবন্ধিকরণ নং | কম্পোজিশন |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | ৪ |

স্বাক্ষর ____________________

তারিখ : মেসার্স____________________

____________________

এর পক্ষে—

____________________

ফরম-খ

(রেজিষ্ট্রেশন সার্টিফিকেট)

(বিধি-৬(৫) দ্রষ্টব্য)

প্রাপকের নাম : ______________________

ঠিকানা : ______________________

______________________

আপনার______________________ তারিখের আবেদনের প্রেক্ষিতে আপনাকে মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য বাজারজাত করিবার নিমিত্তে নিম্নবর্ণিত খাদ্য দ্রব্যগুলির জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আপনার বরাবরে রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রদান করা হইল।

| পণ্যের নাম ও বিবরণ | মোড়কের সাইজ | নিবন্ধিকরণ নম্বর | কম্পোজিশন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | | | |
| ২। | | | |
| ৩। | | | |
| ৪। | | | |

২। সার্টিফিকেটের মেয়াদ ______________১৯ ইং/______________১৪ বাং

হইতে ______________১৯ ইং/______________১৪ বাং

৩। শর্তাবলী :

(ক) মাতৃদুগ্ধ বিকল্প খাদ্য (বিপনন নিয়ন্ত্রণ) আইন বা এতদসম্পর্কিত বিধিমালা লংঘন করিলে আপনার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট যে কোন সময় বাতিল করা হইবে এবং পরবর্তীতে আপনার খাদ্যদ্রব্য বা পণ্য সামগ্রী বাংলাদেশে বাজারজাত করিতে দেওয়া হইবে না এবং আপনার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইবে;

(খ) আপনার প্রস্তুতকৃত পণ্য সামগ্রীর প্রত্যেক ব্যাচের বিশ্লেষণ প্রতিবেদন এবং তেজস্ক্রিতামুক্ত সনদপত্র আপনি সর্বদা সংরক্ষণ করিবেন এবং চাহিবামাত্র সরকার এর নিকট দাখিল করিবেন।

(গ) আপনার কারখানার কার্যাবলী যাহাতে কোনক্রমেই পরিবেশ দূষণ করিতে না পারে সেই দিকে সজাগ দৃষ্টি রাখিবেন।

স্বাক্ষর ———————

পরিচালক,
জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠান
ও
সদস্য-সচিব উপদেষ্টা কমিটি।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ছিদ্দিকুর রহমান মজুমদার
উপ-সচিব (জনস্বাস্থ্য)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।